



ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট



তারিখঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৮
 ০৮ ডিসেম্বর ২০২১

প্রশাসনিক পরিপত্র নং- ৫৬/২০২১

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, কর্পোরেশনের বিভিন্ন ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/শাখা কার্যালয়ের কোন কোন কর্মচারী অফিস নির্ধারিত সময়ে কর্মস্থলে উপস্থিত হন না এবং হাজিরা খাতায়ও স্বাক্ষর করেন না। এমনকি অনেক ক্ষেত্রেই কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ করেন। বিলম্বে কর্মস্থলে উপস্থিত হওয়া, বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকা এবং কর্মস্থল ত্যাগ করা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০২১ এর আচরণ ও শৃঙ্খলা বিধির পরিপন্থি।

০২। এমতাবস্থায়, কর্পোরেশনের সকল কর্মচারীকে সকাল ১০.০০ ঘটিকার মধ্যে কর্মস্থলে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর প্রদান এবং নির্ধারিত দায়িত্ব পালনের নির্দেশনা প্রদান করা হচ্ছে। এছাড়া, জরুরী দাপ্তরিক প্রয়োজনে কার্যালয় ত্যাগের প্রয়োজন হলে সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/সেল/শাখা প্রধানের অনুমতিক্রমে মুভমেন্ট রেজিস্টারে স্বাক্ষর করে কার্যালয় ত্যাগের নির্দেশনা প্রদান করা হচ্ছে।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


 (জাহাঙ্গীর হোসেন)

সহকারী মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।